

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

প্রশাসন শাখা

শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।

www.eedmoe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০০০.০০৮.৪০.৪৭৭.১৮(পার্ট-৬)/৩১৬

তারিখ: ১৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের অবকাঠামো নির্মাণ, সম্প্রসারণ, মেরামত ও সংস্কার, আসবাবপত্র সরবরাহ ইত্যাদি পূর্ত/সরবরাহ কাজ বাস্তবায়নের নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট (দ্বিতীয় সংশোধন) আইন, ২০০৯ ও সর্বশেষ সংশোধন ২০২৫ মোতাবেক অনধিক ৫ (পাঁচ) কোটি টাকা মূল্যের অভ্যন্তরীণ কার্য এবং পণ্য (আসবাবপত্র) ক্রয়ের ক্ষেত্রে দরপত্র প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে দ্বিতীয় ধাপে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য অনলাইনে “এ-ওয়ান (এ-১) শ্রেণির ঠিকাদার তালিকাভুক্ত করা হবে।

১	মন্ত্রণালয়/ বিভাগ	:	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ শিক্ষা মন্ত্রণালয়
২	সংস্থা	:	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
৩	আবেদন ফরমের মূল্য	:	১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা (অফেরতযোগ্য)
৪	অনলাইনে আবেদন পত্রের জন্য লগ-ইন এড্রেস	:	www.eedmoe.gov.bd
৫	আবেদন ক্রয়ের শুরুর তারিখ	:	১০/০৪/২০২৬খ্রি.
৬	আবেদন ক্রয়ের শেষ তারিখ	:	৩০/০৪/২০২৬খ্রি.
৭	আবেদন পত্র দাখিলের সর্বশেষ তারিখ	:	০৫/০৫/২০২৬খ্রি.

অনলাইনে ঠিকাদারি লাইসেন্স নতুন তালিকাভুক্তির পদ্ধতি ও শর্তাবলি:

১। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইট (<https://eedmoe.gov.bd/>) রাইট মেনুতে অবস্থিত “ঠিকাদার তালিকাভুক্তি” নামে লিংকে রেজিস্ট্রেশন ও লগইন করে অনলাইন তালিকাভুক্তির আবেদন ফরম ক্রয়, পূরণ, প্রয়োজনীয় দলিলাদি আপলোড ও দাখিল করতে হবে।

২। তালিকাভুক্তি আবেদন ফি ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা কোড নং- ১২৫০৩০১ ১০৯৯৭২-১১০০০০০০০-১১০০১০০০-১৪২২১৯৯ (অন্যান্য লাইসেন্স ফি) ‘এ চালান’ এর মাধ্যমে জমা দিয়ে সংশ্লিষ্ট তথ্য অনলাইনে আপলোড করতে হবে।

৩। নতুন তালিকাভুক্তির জন্য অনলাইনে আবেদন নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য পূরণ ও দলিলাদি আপলোড করতে হবে।

৪। তালিকাভুক্তির জন্য নির্বাচিত ঠিকাদারি প্রতিষ্ঠানকে পিপিআর-এর বিধান মোতাবেক অফেরতযোগ্য ৫,০০০/- টাকা (মহিলা উদ্যোক্তা ও মালিকানার ক্ষেত্রে ৩,০০০/- (তিন হাজার টাকা) তালিকাভুক্তি ফি কোড নং: ১২৫০৩০১ ১০৯৯৭২-১১০০০০০০০-১১০০১০০০ - ১৪২২২০২ (ফার্ম ও কোম্পানি নিবন্ধন ফি) এবং বিধি মোতাবেক ভ্যাট তালিকাভুক্তি ভ্যাটের কোড নং- ১১৪১১০১ বরাবর “এ চালান” এর মাধ্যমে জমা দিয়ে তালিকাভুক্তি নিশ্চিত করতে হবে। ঠিকাদার তালিকাভুক্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ ঠিকাদার তালিকাভুক্তি ফি জমাদানের চালান কপি ও ৩০০ টাকার মূল স্ট্যাম্প ডাকযোগে বা সরাসরি প্রশাসন শাখায় দাখিল করবেন।

৫। আবেদনকারীকে নিম্নবর্ণিত দলিলাদি আবেদনের সাথে আপলোড করতে হবে:

- আবেদনপত্র ক্রয়ের সমতুল্য চালানের কপি
- ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি
- জাতীয় পরিচয়পত্র
- TIN সার্টিফিকেট
- VAT সার্টিফিকেট
- ব্যাংক স্টেটমেন্ট (বিগত ১ বছরের যে কোন সময়ে ৫০.০০ লক্ষ টাকার স্থিতিসহ ব্যাংক স্টেটমেন্ট)
- কাজের অভিজ্ঞতার সনদ (যে কোন সরকারি/আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের কাজের অভিজ্ঞতা এবং একক যে কোন কাজের ক্ষেত্রে কমপক্ষে ১ (এক) কোটি টাকার কাজ সমাপ্তির সনদ)
- পাসপোর্ট সাইজ ছবি
- হলফনামা (ব্ল্যাকলিস্টেড নন) (৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প) (ঠিকাদার তালিকাভুক্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠান ৩০০ টাকার মূল স্ট্যাম্প ডাকযোগে বা সরাসরি প্রশাসন শাখায় জমাপূর্বক তালিকাভুক্তি সনদ গ্রহণ করবেন)।

৬। আবেদনকারীর দাখিলকৃত তথ্যাদি আইন/বিধি মোতাবেক যাচাই-বাচাই করা হবে।

৭। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ অসম্পূর্ণ আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

Pls upload
৩০/৪/২৬

০৫/০৪/২০২৬
(মো: শহীদুল হক চৌধুরী)
উপপরিচালক (প্রশাসন)